বিজ্ঞপ্তি

উত্তর ত্রিপুরা জেলার জুভেনাইল জাস্টিস বোর্ড-এর একজন মহিলা সমাজসেবী সদস্যা নির্বাচনের জন্য আবেদনপত্র আহ্বান

ত্রিপুরা সরকারের সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের পক্ষ থেকে জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) অ্যাক্ট ২০১৫ এবং জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) মডেল রুলস ২০১৬ অনুসারে উত্তর ত্রিপুরা জেলার জুভেনাইল জাস্টিস বোর্ডের একজন মহিলা সমাজসেবী সদস্যা নির্বাচনের জন্য উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে নতুন করে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের ওয়েবসাইট **socialwelfare.tripura.gov.in** -এ প্রদত্ত আবেদনপত্রের নমুনা অনুসারে আবেদন করতে হবে এবং জমা দিতে হবে এই ঠিকানায় – সদস্য-সচিব, সিলেকশান কমিটি (অধিকর্তা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর), সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা অধিকার, উজান অভয়নগর, আগরতলা, ত্রিপুরা, পিন – ৭৯৯০০৫। উপরোক্ত পদগুলির বিস্তারিত যোগ্যতা এবং শর্তাবলী দপ্তরের ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

আবেদনপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ 30 (ত্রিশ) এপ্রিল ২০১৯ পর্যন্ত, কাজের দিনগুলিতে অফিস চলাকালীন সময়ে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন এবং পাশপোর্ট সাইজ রঙিন ছবি ও প্রাসঙ্গিক কাগজপত্রের স্ব-প্রত্যয়িত কপি ছাড়া আবেদন বিবেচিত হবে না। প্রয়োজনে ব্যাক্তিগত সাক্ষাৎকারের জন্য ডাকা হতে পারে।

আগ্রহীরা জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) অ্যাক্ট ২০১৫ এবং জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) মডেল রুলস ২০১৬ সম্পর্কে বিস্তারিত জানতে **www.wcd.nic.in** অথবা **socialwelfare.tripura.gov.in** ওয়েবসাইট দেখে নিতে পারেন।

ভারতের নির্বাচন কমিশনের "আপত্তি নেই" অনুমতিপত্র পাওয়ার পরই এই বিজ্ঞপ্তি জারী করা হয়েছে।

১.৪.২০১৯

সদস্য-সচিব,
সিলেকশান কমিটি
(অধিকর্তা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর)
ত্রিপুরা সরকার

উত্তর ত্রিপুরা জেলার জুভেনাইল জাস্টিস বোর্ডের সমাজসেবী সদস্যা পদের জন্য যোগ্যতা ও শর্তাবলী

১) আবেদনকারীকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে।

২) শিশুর স্বাস্থ্য, শিশুর শিক্ষা, বা শিশুর কল্যাণমূলক কাজের ক্ষেত্রে কমপক্ষে সাত বছরের কাজের অভিজ্ঞতা অথবা শিশু মনস্তত্ব (চাইল্ড সাইকোলজি)/ মানসিক রোগ (সাইকিয়াট্রি)/ সমাজবিজ্ঞান (সোশিওলজি)/ আইন (ল) বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত কর্মরত পেশাদার।

৩) বয়স – বিজ্ঞপ্তি প্রকাশের দিন ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) বছরের নীচে নয়।

৪) শর্তাবলী

ক) সদস্য সংখ্যা – উত্তর ত্রিপুরা জেলার জুভেনাইল জাস্টিস বোর্ডের জন্য একজন মহিলা সদস্যা।

খ) সাম্মাণিক ভাতা – নির্ধারিত নিয়মে প্রতিটি পূর্ণ সময়ের বৈঠকের জন্য সরকারি নিয়মবিধি অনুযায়ী দেয়া হবে, যা সরকারি নিয়মে পরিবর্তনশীল/ এবং মঞ্জুরী সাপেক্ষ।

গ) সমাজসেবী সদস্যাকে তিন বছরের অধিক সময়ের জন্য নিযুক্ত করা হবে না। বোর্ডের সদস্যা সর্বাধিক দুইবার নিযুক্ত হতে পারেন, তা নিরবচ্ছিন্ন হবে না।

ঘ) যেসব ব্যাক্তি পূর্ণ সময়ের কোনো পেশায় নিযুক্ত থাকার কারণে জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) অ্যাক্ট ২০১৫ এবং জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) মডেল রুলস ২০১৬ অনুসারে জুভেনাইল জাস্টিস বোর্ডের কাজে প্রয়োজনীয় সময় ও মনযোগ দিতে পারবেন না, সেইসব ব্যাক্তি জুভেনাইল জাস্টিস বোর্ডের সমাজসেবী সদস্যা হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো ব্যাক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো চাইল্ড কেয়ার ইনস্টিটিউশনের সাথে যুক্ত থাকলে এবং অন্য কোনো স্বার্থজনিত টানাপোড়েন থাকলে, সেই ব্যাক্তি জুভেনাইল জাস্টিস বোর্ডের সমাজসেবী সদস্য/ সদস্যা হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো রাজনৈতিক দলের পদাধিকারী হলে, সেই ব্যাক্তি জুভেনাইল জাস্টিস বোর্ডের সমাজসেবী সদস্য/ সদস্যা হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো দেউলিয়া ব্যাক্তি জুভেনাইল জাস্টিস বোর্ডের সমাজসেবী সদস্য/ সদস্যা হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না।

৫) কোনো আবেদনকারী জুভেনাইল জাস্টিস বোর্ডের সমাজসেবী সদস্যা হিসেবে নির্বাচিত হবার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না যদি তাঁর/তিনি –

ক) মানবাধিকার বা শিশুর অধিকার লঙ্ঘন করার কোনো রেকর্ড যদি থাকে,

খ) নৈতিক লাম্পট্যজনিত অভিযোগের অপরাধী হিসেবে সাব্যস্ত হয়ে থাকেন,

গ) কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার, অথবা কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার কর্তৃক নিয়ন্ত্রিত বা পরিচালিত বা মালিকানাধীন সংস্থা বা কর্পোরেশন থেকে অপসারিত বা বরখাস্ত হয়ে থাকেন

ঘ) শিশু অত্যাচার বা শিশু শ্রমিক নিযুক্তি বা মানবাধিকার লঙ্ঘন বা নৈতিক অধপতনজনিত কাজ প্রশ্রয় দিয়ে থাকেন।

1.4.2019

আবেদনের ফর্ম

স্ব-প্রত্যয়িত পাশপোর্ট সাইজের রঙিন ছবি

প্রতি
সদস্য সচিব, সিলেকশান কমিটি
(অধিকর্তা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর)
ত্রিপুরা সরকার,
উজান অভয়নগর,
আগরতলা, ত্রিপুরা, পিন – ৭৯৯০০৫

(১) পদের নাম – মহিলা সমাজ কর্মী সদস্যা
(২) কোন জেলার জন্য আবেদন করছেন – উত্তর ত্রিপুরা জেলা
(৩) আবেদনকারীর নাম -
(৪) পিতা বা স্বামীর নাম -
(৫) নাগরিকত্ব -
(৬) জন্ম তারিখ -
(৭) স্থায়ী বসবাসের পূর্ণ ঠিকানা (পিন নম্বর সহ)-
(৮) বর্তমান ঠিকানা (পিন নম্বর সহ)-
(৯) শিক্ষাগত যোগ্যতা -
(১০) বর্তমান পেশা -
(১১) অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ, প্রমাণপত্র সহ -
(১২) মোবাইল নম্বর -
(১৩) আধার নম্বর (ঐচ্ছিক) -
(১৪) ই-মেইল ঠিকানা (যদি থাকে)-
(১৫) মানবাধিকার বা শিশুর অধিকার লঙ্ঘন করার কোনো রেকর্ড আছে কিনা?
(১৬) নৈতিক লাম্পট্যজনিত অভিযোগের অপরাধী হিসেবে সাব্যস্থ হয়েছেন কিনা?
(১৭) কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার, অথবা কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার কর্তৃক নিয়ন্ত্রিত বা পরিচালিত বা মালিকানাধীন সংস্থা বা কর্পোরেশন থেকে অপসারিত বা বরখাস্ত হয়েছেন কিনা?
(১৮) শিশু অত্যাচার বা শিশু শ্রমিক নিযুক্তি বা মানবাধিকার লঙ্ঘন বা নৈতিক অধপতনজনিত কাজ প্রশ্রয় দিয়ে থাকেন কিনা?
(১৯) কোনো চাইল্ড কেয়ার ইনস্টিটিউশন যুক্ত কিনা ও কোনো স্বার্থজনিত টানাপোড়েন আছে কিনা?
(২০) কোনো রাজনৈতিক দলের পদাধিকারী কিনা?
(২১) কখনো দেউলিয়া হিসেবে ঘোষিত হয়েছেন কিনা?

Meang
1.4.2019

(তারিখ সহ আবেদনকারীর পূর্ণ সাক্ষর)